

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৫, ২০১৬

৮ম খণ্ড

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।]

বাংলাদেশ বোর্ড অব ইউনানী আ্যান্ড আয়ুবৈদিক
সিস্টেমস অব মেডিসিন

বিজ্ঞপ্তি

তারিখ, ২২ ডিসেম্বর ২০১৬ খ্রি:

নং বিইউএ/কঃষী/৩৮(অংশ)/৯৪/৫৬৬—অতি বোর্ডের প্রস্তাব ও সুপারিশক্রমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের গত ১৬-১১-২০১৬ খ্রি: তারিখে বেসরকারি মেডিকেল/ ডেটাল কলেজ/আইএইচটি/ম্যাটস প্রতিষ্ঠা, আসন সংখ্যা বৃন্দি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রণালয়ের ২২-১২-২০১৬ খ্রি: তারিখের স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৬/৬১৬ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে বাংলাদেশ ইউনানী আ্যান্ড আয়ুবৈদিক প্র্যাকটিশনার্স অর্ডিন্যাস ১৯৮৩ এর সেকশন ১৬(৪) এর অধীন বেসরকারি শেখ মোঃ ইব্রাহিম খলিল মাজমপাড়া ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, গফরগাঁও, ময়মনসিংহকে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে ইউনানী ডিপ্লোমা কোর্স চালুসহ নিম্নবর্ণিত শর্তে অন্তর্ভুক্ত কলানীন স্বীকৃতি প্রদান করা হ'ল।

শর্তাবলী :

- প্রতিষ্ঠানের বহির্ভাগীয় দাতব্য চিকিৎসা সেবার পাশাপাশি নিজস্ব ভবনে ইনডোর চিকিৎসা ব্যবস্থা চালু করতে হবে।
- সরকার এবং বোর্ডের নিকট কোনোর আর্থিক মঙ্গুরী দাবী কিংবা এর উপর নির্ভরশীল হওয়া যাবে না।
- এতদ্সংশ্লিষ্ট বিদ্যমান নীতিমালা এবং সময়ে সময়ে জারীকৃত বিধান ও নিয়মাবলী যথাযথভাবে মেনে চলতে হবে।

এ. কে. এম. হারুনুর রশিদ
রেজিস্ট্রার/সচিব।
(০—১)

বাংলাদেশ বোর্ড অব ইউনানী আ্যান্ড আয়ুবৈদিক
সিস্টেমস অব মেডিসিন

বিজ্ঞপ্তি

তারিখ, ২২ ডিসেম্বর ২০১৬ খ্রি:

নং বিইউএ/কঃষী/৩৮(অংশ)/৯৪/৫৬৭—অতি বোর্ডের প্রস্তাব ও সুপারিশক্রমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের গত ১৬-১১-২০১৬ খ্রি: তারিখে বেসরকারি মেডিকেল/ডেটাল কলেজ/আইএইচটি/ম্যাটস প্রতিষ্ঠা, আসন সংখ্যা বৃন্দি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রণালয়ের ২২-১২-২০১৬ খ্রি: তারিখের স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৬/৬১৫ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে বাংলাদেশ ইউনানী আ্যান্ড আয়ুবৈদিক প্র্যাকটিশনার্স অর্ডিন্যাস ১৯৮৩ এর সেকশন ১৬(৪) এর অধীন বেসরকারি পঞ্চগড় ইউনানী মেডিকেল কলেজ এন্ড হাসপাতাল, পঞ্চগড়কে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে ইউনানী ডিপ্লোমা কোর্স চালুসহ নিম্নবর্ণিত শর্তে অন্তর্ভুক্ত কলানীন স্বীকৃতি প্রদান করা হ'ল।

শর্তাবলী :

- স্বীকৃতি প্রাপ্তির ২ (দুই) বছরের মধ্যে প্রতিষ্ঠানের কার্যক্রম নিজস্ব ভবনে স্থানান্তর করিতে হইবে।
- প্রতিষ্ঠানের বহির্ভাগীয় দাতব্য চিকিৎসা সেবার পাশাপাশি নিজস্ব ভবনে ইনডোর চিকিৎসা ব্যবস্থা চালু করতে হবে।
- সরকার এবং বোর্ডের নিকট কোনোর আর্থিক মঙ্গুরী দাবী কিংবা এর উপর নির্ভরশীল হওয়া যাবে না।
- এতদ্সংশ্লিষ্ট বিদ্যমান নীতিমালা এবং সময়ে সময়ে জারীকৃত বিধান ও নিয়মাবলী যথাযথভাবে মেনে চলতে হবে।

এ. কে. এম. হারুনুর রশিদ
রেজিস্ট্রার/সচিব।
(০—২)